যুগান্তর

MAR 1 1 2002

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি পরীক্ষায় এবারও সাফল্য দেখাতে চায় বরিশাল বোর্ড

**পুলক চ্যাটার্জি,** *বরিশাল ব্যুরো,*

২০০১-এর অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর দ্বিতীয় বারের মতো সাফল্যের মুকুট পরতে চায় বরিশাল বোর্ড। আগামী ১৪ মার্চ সারাদেশে শুরু হচ্ছে এসএসসি পরীক্ষা। বরিশাল বোর্ডের অধীনে এটি দ্বিতীয় এসএসসি পরীক্ষা। প্রথম পরীক্ষায় নকল প্রতিরোধে গৌরবের হাসি হেসে এবার সব অনিয়মের টুঁটি চেপে ধরার প্রস্তুতি নিয়েছে বরিশাল বোর্ড। ২০০২-এর এসএসসি পরীক্ষা হবে অতীতের সব পরীক্ষার তুলনায় কঠোর এবং শান্তিপূর্ণ– এমন ধারণা দিলেন বোর্ড কর্তৃপক্ষ। গতকাল রোববার আসন্ন এসএসসি পরীক্ষা নিয়ে কথা হয় বরিশাল বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবদুস সালামের সঙ্গে। চেয়ারম্যান প্রফেসর আবদুস সালাম এ প্রতিনিধির সঙ্গে আলাপের শুরুতেই বললেন, 'পরীক্ষা, পরীক্ষার মতো হবে।' বিগত পরীক্ষায় যেসব শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছিল তাদের এবার আর পরীক্ষা এবং বোর্ডের কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট করা হয়নি। পরীক্ষায় নকল অনিয়ম বন্ধে নতুন নতুন কৌশল অবলম্বন করা হবে। প্রথম এসএসসি পরীক্ষার উদাহরণ টেনে বোর্ড চেয়ারম্যান বলেন, পরীক্ষাকেন্দ্রগুলোয় অভিভাবকদের অহেতুক ভিড় গতবারে কিছুটা রোধ করা গেছে। এবার ওই সমস্যা আদৌ থাকবে না বলে আশা করছি। বরিশাল বোর্ড চেয়ারম্যান প্রফেসর আবদুস সালাম, অভিভাবক, শিক্ষক, পরীক্ষার্থীসহ সমাজের সর্বস্তরের মানুষের কাছে আসন্ন এসএসসি পরীক্ষা প্রকৃত অর্থে 'পরীক্ষা' অনুষ্ঠিত করার জন্য সহযোগিতা কামনা করেছেন। প্রফেসর আবদুস সালাম আশা প্রকাশ করেছেন, সন্তান-সন্ততিদের সুন্দর ভবিষ্যতের জন্য সর্বস্তরের মানুষ নকল প্রতিরোধে সহায়তা করবে।